দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

# আইআইইউসি এলস এর ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারারি সোসাইটি (ফিমেল চাপ্টার) কর্তৃক ১১ অক্টোবর প্রথমবারের মত ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশন এর আয়োজন করা হয়। ৯-১১ অক্টোবর তিনদিন ব্যাপী আয়োজিত ডিবেট কম্পিটিশনে অংশগ্রহণ করে আইআইইউসি কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইংরেজি ভাষা ও সাহিত্য, ইকোনমিকস এন্ড ব্যাংকিং এবং আইন বিভাগের শিক্ষার্থীরা। প্রথম দিন সিলেকশন রাউন্ড অনুষ্ঠিত হয়, দ্বিতীয় দিন ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশন প্রথম রাউন্ডে চারটি দলের মধ্যে দুটো রাউন্ডের বিতর্ক প্রতিযোগিতা হয়। এর মাধ্যমে ইংরেজি ভাষা ও সাহিত্য এবং কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের দল দুটি ফাইনাল রাউন্ডের জন্য মনোনীত হয়। ১১ অক্টোবর সকাল সাড়ে ৯টায় পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে ফাইনাল রাউন্ডের অনুষ্ঠান শুরু হয়। প্রতিযোগিতার শেষ দিনের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। বিতার্কিকদের হাতে পুরস্কার তুলে দেন তিনি। ফাইনাল রাউন্ডের অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান এবং অ্যাসোসিয়েট প্রফেসর মো. ছরওয়ার আলম। ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের এসোসিয়েট প্রফেসর এবং এলসের প্রেসিডেন্ট ড. মুহাম্মদ আজিজুল হক এর উদ্বোধনী বক্তব্যের মাধ্যমে ফাইনাল রাউন্ড অনুষ্ঠান শুরু হয়। এই রাউন্ডে বিচারক ছিলেন ড. মো. সলিমুল্লাহ (ফরহাদ), এসোসিয়েট প্রফেসর, সিজিইডি, নাদিয়া আয়মন হাসান, লেকচারার, ইএলএল। এছাড়াও বিচারক হিসেবে ছিলেন আইআইইউসি ডিবেটারস কমিউনিটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জাইমা ওয়াসির শশী এবং ভাইস প্রেসিডেন্ট গাজি জাহিন। তুমুল লড়াই এর মাধ্যমে বিজয়ী হয় ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের মনোনীত দল। বেস্ট স্পিকার এর স্থান জিতে নেয় ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী তাপসী রাবেয়া মাটি।

এসময় উপস্থিত ছিলেন ফিমেল হল এর প্রক্টর উম্মে সায়মা তাজকিয়া, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের কো-অর্ডিনেটর মিসেস ফারহিবা ফেরদৌস, অ্যাসোসিয়েট প্রফেসর মিসেস সালমা হক ও অ্যাসোসিয়েট প্রফেসর মোহাম্মদ ইয়াসিন শরীফ এবং এসিস্ট্যান্ট প্রফেসর আম্মির মোহাম্মদ খান। সমাপনী বক্তব্য দেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান এবং অ্যাসোসিয়েট প্রফেসর মো. সরোয়ার আলম। বিচারকদের মূল্যায়ন বক্তব্যের মাধ্যমে পুরো অনুষ্ঠানের আয়োজন শেষ হয়। অনুষ্ঠান আয়োজন করতে যারা ভূমিকা রেখেছেন তারা হলেন- এলস এর এসিস্ট্যান্ট জেনারেল সেক্রেটারি-২ সাদিয়া রুকশা (আহবায়ক), ডিবেট সেক্রেটারি আফরা সাইয়ারা চৌধুরী, এসিস্ট্যান্ট ডিবেট সেক্রেটারি-১ ফারিন আহমেদ, এসিস্ট্যান্ট ডিবেট সেক্রেটারি-২ নাবিলা সায়েদ মোহাম্মদ লোকমান। বিজ্ঞপ্তি



ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশনে পুরস্কার প্রদান

Ref: Dainik Purbodesh, Date: 14 October 2023, Page: 2, Col: 6
https://epurbodesh.com/m/80278/652984b0d0a25

চট্টগ্রাম শনিবার ১৪ অক্টোবর ২০২৩

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৮তম বর্ষ ২৩২তম সংখ্যা।। ২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ।। ২৮ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি।। Saturday 14 October 2023।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক পূর্বকোণ
ব্রেকিং নিউজ পেতে যে কোন রবি/এয়ারটেল নাম্বার থেকে ডায়াল করুন *213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য

# আইআইইউসি এলসের ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের 'ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারারি সোসাইটি (ফিমেল চাপ্টার)' কর্তৃক গত ১১ অক্টোবর প্রথমবারের মত 'ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশন'এর আয়োজন করা হয়। গত ৯ থেকে ১১ অক্টোবর তিনদিন ব্যাপী আয়োজিত ডিবেট কম্পিটিশনে অংশগ্রহণ করে আইআইইউসি কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইংরেজি ভাষা ও সাহিত্য, ইকোনমিকস এন্ড ব্যাংকিং এবং আইন বিভাগের শিক্ষার্থীরা। প্রতিযোগিতার শেষ দিনের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী। প্রধান অতিথি বিতার্কিক দের হাতে পুরস্কার তুলে দেন। বিশেষ অতিথি ছিলেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান এবং এসোসিয়েট প্রফেসর মো. ছরওয়ার আলম। ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের এসোসিয়েট প্রফেসর এবং এলসের প্রেসিডেন্ট ড. মুহাম্মদ আজিজুল হক এর উদ্বোধনী বক্তব্যের মাধ্যমে ফাইনাল রাউন্ডে বিচারক ছিলেন ড. মো. সলিমুল্লাহ (ফরহাদ), এসোসিয়েট প্রফেসর, সিজিইডি, নাদিয়া আয়মন হাসান, লেকচারার ,ইএলএল। বিজয়ী হয় ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের মনোনীত দলটি। বেস্ট স্পিকার এর স্থান জিতে নেয় ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ৪র্থ সেমিস্টারের শিক্ষার্থী তাপসী রাবেয়া মাটি। সমাপনী বক্তব্য প্রদান করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান এবং এসোসিয়েট প্রফেসর মো. সরোয়ার আলম। -বিজ্ঞপ্তি




*আইআইইউসি এলসের ইন্টার ডিপার্টমেন্ট ডিবেট কম্পিটিশনের সমাপনীতে বক্তব্য রাখছেন রিজিয়া রেজা চৌধুরী*

Ref: Dainik Purbokone, Date: 14 October 2023, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-10-14